


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

নম্বর: ৩৮.০১.০০০০.১৪০.৯৯.০০৮.২২- ১৩৩৯

তারিখ: ১৯ আষাঢ় ১৪৩২
০৬ জুলাই ২০২৫

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে রিট পিটিশন নম্বর-৩২১৪/২০১৮ এর বিপরীতে মহামান্য হাইকোর্ট বিভাগের রায়ের পরিপ্রেক্ষিতে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের রিটকারী ৪৫ (পঁয়তাল্লিশ) জন প্রধান শিক্ষকের বেতনস্কেল ১১তম গ্রেড থেকে ১০ম গ্রেডে উন্নীতকরণ করে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ রায় বাস্তবায়নে সম্মতি প্রদান করে। অবশিষ্ট প্রধান শিক্ষকদের দশম গ্রেড বাস্তবায়নের বিষয়টি সরকারের সক্রিয় বিবেচনাধীন রয়েছে। এ বিষয়কে কেন্দ্র করে কতিপয় স্বার্থান্বেষী মহল প্রধান শিক্ষকদের কাছ থেকে চাঁদাবাজি/আর্থিক সুবিধা গ্রহণ করছেন মর্মে বিশ্বস্ত সূত্রে খবর পাওয়া গেছে। বিষয়টি অনাকাঙ্ক্ষিত এবং ফৌজদারী অপরাধের শামিল। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে কোনরূপ আর্থিক লেনদেন না করার জন্য অনুরোধ করা হলো এবং চাঁদাবাজি/আর্থিক সুবিধা গ্রহণকারীদের নিকটস্থ থানায় সোপাদ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


০৫/০৭/২৫
মোহাম্মদ কামরুল হাসান, এনডিসি
পরিচালক (পলিসি ও অপারেশন)

বিতরণ:

- ১। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা (সকল)
- ২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)
- ৩। উপজেলা/থানা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)

তঁর আওতাধীন সকল প্রধান শিক্ষক/ভারপ্রাপ্ত
প্রধান শিক্ষকদের অবহিতকরণের অনুরোধসহ।

নম্বর: ৩৮.০১.০০০০.১৪০.৯৯.০০৮.২২- ১৩৩৯/৬

তারিখ: ১৯ আষাঢ় ১৪৩২
০৬ জুলাই ২০২৫

অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো-

১. উপদেষ্টার একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা- মাননীয় উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য।
২. সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা- সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
৩. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর- মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।